

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ২৩টি প্রতিষ্ঠানকে ১.৮৪ লক্ষ টাকা জরিমানা

২৯ জুন ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১০ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, বরগুনা, বগুড়া, রাজশাহী, খুলনা, পাবনা ও রাজবাড়ীতে আজ বাজার তদারকি করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক অতিয়া সুলতানার নেতৃত্বে ঢাকা মহানগরীর কলাবাগান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে শূভ রেস্তুরেন্ট ও আজাদ হোটেল এন্ড রেস্তুরেন্টকে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ২০,০০০/- (বিশ হাজার) টাকাসহ মোট ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমানের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে ঘরোয়া রেস্তুরেন্ট ও আনন্দ হোটেল এন্ড রেস্তুরেন্টকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ১৫,০০০/- (পনের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আবদুল্লাহ আল মাসুম কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর মুগদা এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে আল আমিন স্টোরকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে অর্ধিমা কসমেটিকসকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করার অপরাধে মোঃ জাকিরের মাংস বিতান ও আব্দুল মান্নানের মুরগির দোকানকে ১,০০০/- (এক হাজার) টাকা করে ২,০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ১৭,০০০/- (সতের হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজনী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে Saproso রেস্তুরেন্টকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ও অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে ৪,০০০/- (চার হাজার) টাকা এবং বাসিল রেস্তুরেন্টকে ৪,০০০/- (চার হাজার) টাকাসহ মোট ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা এবং অভিযোগকারীকে জরিমানার ২৫% শতাংশ হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়।

অপরদিকে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অর্পূব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের বোয়ালিয়া থানায় ৩টি প্রতিষ্ঠানকে ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা, খুলনা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসানের নেতৃত্বে খুলনার লবণচড়া থানায় ১টি প্রতিষ্ঠানকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসানুজ্জামানের নেতৃত্বে পাবনা সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর গোলানন্দ উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, বরগুনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে বরগুনার তালতলী উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা এবং বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার শিবগঞ্জ উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকাসহ মোট ১,১৩,৫০০/- (এক লক্ষ তের হাজার) টাকা পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন ও ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১০টি বাজার তদারকিতে ২৩টি প্রতিষ্ঠানকে মোট ১,৮৪,৫০০/- (এক লক্ষ চুরাশি হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ২ জন অভিযোগকারীকে মং ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হয়। বিলম্বে প্রাপ্ত তথ্য অনুযায়ী গত ২৮ জুন ২০১৬ তারিখে ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে ময়মনসিংহ সদরের পৌরসভা বাজারে ২টি প্রতিষ্ঠানকে ১,০০০/- (এক হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, র‍্যাব, বাজার কর্মকর্তা, ক্যাব ও ঢাকা সিটি কর্পোরেশনের প্রতিনিধি এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, বরগুনা, বগুড়া, রাজশাহী, খুলনা, পাবনা ও রাজবাড়ী।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, বরগুনা, বগুড়া, রাজশাহী, খুলনা, পাবনা ও রাজবাড়ী।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।